

আর্লি ফ্রেঞ্চ ইমারশন (গোড়ার দিকের ফরাসি শিক্ষা-মাধ্যম)



আর্লি ফ্রেঞ্চ ইমারশন কী?

আর্লি ফ্রেঞ্চ ইমারশন একটি নিবিড় ফ্রেঞ্চ এজ এ্যা সেকেন্ড ল্যাঙ্গুয়েজ কর্মসূচি যা কিন্ডারগার্টেনে শুরু হয় এবং 12শ শ্রেণী পর্যন্ত চলতে থাকে। জুনিয়র কিন্ডারগার্টেন [জেকে (JK)] থেকে 3য় শ্রেণী পর্যন্ত ক্লাশের সকল কর্মকাণ্ড ফরাসিতে পরিচালনা করা হয়। একটি বিশেষজ্ঞ সংক্রান্ত বিষয় (উদাহরণস্বরূপ, স্বাস্থ্য এবং শারীরিক বিষয়ক শিক্ষা) ইংরেজিতে শেখানো হতে পারে। 4র্থ থেকে 8ম শ্রেণী পর্যন্ত, কর্মসূচিটি 50% ফরাসিতে এবং 50% ইংরেজিতে শেখানো হবে।

কারা আবেদন করতে পারবেন?

কেবলমাত্র 2022 সালের সেপ্টেম্বরের জন্য, যে সকল শিশু জুনিয়র কিন্ডারগার্টেন বা সিনিয়র কিন্ডারগার্টেনে এ প্রবেশ করবে তারাই আর্লি ফ্রেঞ্চ ইমারশন-এ আবেদন করার জন্য যোগ্য হবেন। 2023 সালের সেপ্টেম্বর থেকে আর্লি ফ্রেঞ্চ ইমারশন-এর প্রবেশ করার সময়টি হবে কেবলমাত্র জুনিয়র কিন্ডারগার্টেন।

আর্লি ফ্রেঞ্চ ইমারশনটি কাদের জন্য?

- ✓ যে সকল পরিবার বাড়িতে ফরাসি ছাড়া অন্য কোনো ভাষায় কথা বলেন তাদের জন্যই পরিকল্পনা করা হয়েছে।
- ✓ আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে সকল শিক্ষার্থীই অন্য আরেকটি ভাষা শিখতে সক্ষম সুতরাং কর্মসূচিটিতে সকল ধরনের শিক্ষণ রীতি এবং ভাষা-পটভূমি সম্পন্ন শিক্ষার্থীগণকে স্বাগত জানানো হয় ও সহায়তা প্রদান করা হয়।
- ✓ আর্লি ফ্রেঞ্চ ইমারশন কর্মসূচিটি সেই সকল পরিবারের জন্য উপযুক্ত যারা ফরাসিতে তাদের দক্ষতার উন্নতি করার সযোগ গ্রহণে আগ্রহী।



আর্লি ফ্রেঞ্চ ইমারশন প্রোগ্রাম বা কর্মসূচিটির সুবিধাসমূহ

আর্লি ফ্রেঞ্চ ইমারশন কর্মসূচিটি যেকোনো ভাষা-পটভূমি সম্পন্ন শিক্ষার্থীগণকে ফরাসিতে উচ্চ স্তরের দক্ষতার বিকাশ করতে দেবে। নিম্নলিখিত বিষয়সমূহ সহ অন্য ভাষায় অধ্যয়ন করা শিক্ষার্থীগণকে অন্যান্য সুবিধাসমূহও প্রদান করবে:

- ✓ অন্য ভাষায় অধ্যয়নরত শিক্ষার্থীগণের প্রধান ভাষাতে দক্ষতাসমূহ বৃদ্ধি করে বলে প্রমাণ করেছে।
- ✓ ভাষা শিক্ষণ জ্ঞান সম্বন্ধীয় সুবিধাসমূহ প্রদান করে যেমন উন্নত মানসম্পন্ন উচ্চ চিন্তাভাবনা এবং শিক্ষণ সংক্রান্ত দক্ষতাসমূহ যা শিক্ষার্থীগণ তাদের অধ্যয়নের সকল ক্ষেত্রে প্রয়োগ করতে পারেন।
- ✓ একাধিক ভাষাতে দক্ষতা ভবিষ্যতে শিক্ষার্থীগণের জন্য সুযোগের দ্বারসমূহ উন্মুক্ত করে দেবে এবং তাদের বিভিন্ন সংস্কৃতি এবং পরিচয় সম্পর্কে সচেতনতা গড়ে তুলবে।
- ✓ দ্বিভাষী বা বাইলিঙ্গুয়াল শিক্ষার্থীগণের যোগাযোগ সংক্রান্ত দক্ষতাসমূহ সামগ্রিকভাবে শক্তিশালী হয় এবং অতিরিক্ত ভাষাসমূহও সহজে শিখতে পারবেন বলে অনুমান করা যায়।

আবেদনপত্র সংক্রান্ত তথ্য:

আর্লি ফ্রেঞ্চ ইমারশন সংক্রান্ত কর্মসূচি এবং আবেদন প্রক্রিয়া সম্পর্কে তথ্যের জন্য, অনুগ্রহ করে www.tdsb.on.ca/French -এ যান।

বর্তমানে, আর্লি ফ্রেঞ্চ ইমারশন কর্মসূচিটির আবেদনপত্রের সময়সীমা হচ্ছে প্রতি বছরের **নভেম্বর** মাসে। অনুগ্রহ করে একটি নির্দিষ্ট বছরের আবেদনপত্রের সময়সীমাসমূহ সম্পর্কিত তথ্যের জন্য সেপ্টেম্বরের শুরুর দিকে আমাদের ওয়েবসাইটটি দেখুন।

এটি লক্ষ্য করা গুরুত্বপূর্ণ যে যদিও সময়মত আবেদন করা সকল যোগ্য আবেদনকারীগণের জন্য কর্মসূচিটিতে স্থাননির্ণয় বা প্লেইসমেন্ট নিশ্চিত তবে নির্দিষ্ট স্কুলে স্থাননির্ণয়টি নিশ্চিত নয়।

www.tdsb.on.ca/French